

সূত্র

প্রিন্ট: ০৪ মার্চ ২০২৫, ১২:১৩ পিএম

শিক্ষাঙ্গন

জাবিতে বাধ্যতামূলক হচ্ছে ডোপ টেস্ট



জাবি প্রতিনিধি

প্রকাশ: ০৩ মার্চ ২০২৫, ১০:১৩ পিএম



রোববার উপাচার্য অধ্যাপক কামরুল আহসানের সভাপতিত্বে কেন্দ্রীয় ভর্তি কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় ভর্তিপ্রক্রিয়া সম্পন্ন করায় বাধ্যতামূলক ডোপ টেস্ট করানো এবং ডোপ টেস্টের ফলাফল পজিটিভ আসলে সে ভর্তিছু শিক্ষার্থী ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে বলে সিদ্ধান্ত হয়।

ভর্তি কমিটির সদস্য সচিব আলী রেজা বলেন, রোববার ভর্তি কমিটি সভায় ভর্তিছু শিক্ষার্থীদের বাধ্যতামূলক ডোপ টেস্ট করানো হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কারো ডোপ টেস্ট পজিটিভ হলে সে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

এছাড়াও অনলাইনে পছন্দের বিভাগ বিষয়ে আলী রেজা বলেন, আগামী ১৩ মার্চ থেকে সাবজেক্ট চয়েজ শুরু হতে পারে। এ তারিখকে সামনে রেখে আমরা কাজ করে যাচ্ছি।

সেই সঙ্গে ভর্তি কার্যক্রম শুরুর বিষয়ে তিনি বলেন, এপ্রিল মাসের মাঝামাঝিতে ভর্তি কার্যক্রম শুরু হতে পারে।

উল্লেখ্য, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা গত ৯ ফেব্রুয়ারি থেকে শুরু হয়ে ১৭ ফেব্রুয়ারি শেষ হয়। এবারে ১ হাজার ৮১৪টি আসনের বিপরীতে ২ লাখ ৬২ হাজার ৪৫০ জন প্রতিযোগিতায় অংশ নেন।

